দৈনিক ইনকিলাব

তারিখ 28 APR 203
পৃষ্ঠা ৫




*ইনকিলাব ঃ বিসিএস সাধারণ শিক্ষা সমিতি গতকাল বিভিন্ন দাবী আদায়ের লক্ষ্যে শিক্ষা ভবনের সামনে বিক্ষোভ প্রদর্শন করে*

### শিক্ষা ক্যাডারের পদসমূহ থেকে উপসচিবদের প্রত্যাহারের দাবীতে

# ৪ ও ৫ মে ঢাকা মহানগরীতে ও ১৯, ২০ ও ২১ মে সারাদেশের সরকারী কলেজে পূর্ণ ধর্মঘট

**ষ্টাফ রিপোর্টার ঃ** শিক্ষা ক্যাডারের বিভিন্ন উচ্চ পদে সম্প্রতি নিয়োগকৃত প্রশাসন ক্যাডারের ১৪০ জন উপসচিবকে অবিলম্বে প্রত্যাহারের দাবীতে সারাদেশের সরকারী কলেজ, মাদ্রাসা, পলিটেকনিক ইনস্টিটিউট ও টিচার্স ট্রেনিং কলেজসমূহে আগামী ৪ ও ৫ মে ঢাকা মহানগরীতে এবং ১৯, ২০ ও ২১ মে দেশব্যাপী ধর্মঘট আহবান করা হয়েছে। গতকাল (রবিবার) ঢাকার শিক্ষা ভবন চত্বরে আয়োজিত সারাদেশের সরকারী কলেজ শিক্ষকদের সংগঠন বিসিএস সাধারণ শিক্ষা সমিতির এক সমাবেশে এই কর্মসূচী ঘোষণা করা হয়েছে। সমাবেশে দেশের শিক্ষা ও শিক্ষক স্বার্থবিরোধী কর্মকাণ্ডের অভিযোগ এনে এবং বর্তমান সরকারকেও বিব্রতকর অবস্থায় ফেলার জন্য শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলমেরও অপসারণ দাবী করা হয়। সারাদেশের বিভিন্ন সরকারী কলেজ থেকে আগত প্রায় ৩ হাজার শিক্ষক-শিক্ষিকার এই বিরাট সমাবেশে শিক্ষক নেতৃবৃন্দ বলেন, এদেশের শিক্ষার উন্নয়নে বর্তমান সরকার যেখানে বিভিন্ন ইতিবাচক কর্মসূচী গ্রহণ করে সুনাম অর্জন করে চলেছে তখন সরকারের খোদ শিক্ষা মন্ত্রণালয়েরই একটি চক্র সুকৌশলে শিক্ষা ও শিক্ষক বিরোধী নানা পদক্ষেপ গ্রহণ করে সরকারকে বেকায়দায় ফেলতে চাইছে এবং শিক্ষকদের আবার আন্দোলনের পথে ঠেলে দিচ্ছে। তারা বলেন, শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন জাতীয় প্রতিষ্ঠান ও দপ্তরের শীর্ষ পদসমূহে এতদিন সিনিয়র শিক্ষকরা নিয়োজিত থাকলেও বর্তমানে ঐ আমলা চক্রটি এদেশের শিক্ষা ধ্বংসের হীন উদ্দেশে অভিজ্ঞ শিক্ষকদের সরিয়ে দিয়ে সেখানে তাদের সমান প্রশাসন ক্যাডারের উপসচিবদের পদায়ন করেছে। এর মাধ্যমে শিক্ষকদের মর্যাদাহানি ও অপমান করা হয়েছে এবং শিক্ষকদের পদোন্নতির সুযোগ আরো রুদ্ধ করা হয়েছে।

এ অবস্থায় শিক্ষা ক্যাডারের সকল পদ থেকে প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের প্রত্যাহারের দাবীতে আগামী ৪ ও ৫ মে ঢাকা মহানগরীর সকল সরকারী কলেজ, সরকারী আলীয়া মাদ্রাসা, পলিটেকনিক ইনস্টিটিউট ও টিচার্স ট্রেনিং কলেজে পূর্ণ ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করে বলা হয়, এরপরও মন্ত্রণালয় ১৫ মে'র মধ্যে শিক্ষক সমাজের দাবী পূরণের ব্যবস্থা না করলে ১৯, ২০ ও ২১ মে সারাদেশের সকল সরকারী কলেজ, টিচার্স ট্রেনিং কলেজ, সরকারী আলীয়া মাদ্রাসা ও পলিটেকনিক ইনস্টিটিউটসমূহে টানা ৩ দিনের পূর্ণ ধর্মঘট পালন করা হবে। অতঃপর ১৩ জুন ঢাকায় শিক্ষক মহাসমাবেশ থেকে আন্দোলনের পরবর্তী কর্মসূচী ঘোষণা করা হবে।

শিক্ষক-শিক্ষিকাদের একটি বিক্ষোভ মিছিল শিক্ষা ভবন থেকে জাতীয় প্রেসক্লাবে যাওয়ার পথে পুলিশ কদম ফোয়ারার কাছে বাধা দিলে শিক্ষক নেতৃবৃন্দের সাথে পুলিশের মৃদু ধাক্কাধাক্কি হয়।